# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 19.07.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) মালদার মানিকচকে বেহাল বিদ্যুৎ পরিষেবার বিরুদ্ধে গ্রামবাসীদের বিক্ষোভ অবরোধকে কেন্দ্র করে ধুন্ধুমার কান্ডে পুলিশ আত্মরক্ষার জন্য গুলি চালাতে বাধ্য হয়েছে বলে জানিয়েছেন জেলা পুলিশ সুপার।

ঘটনার রিপোর্ট তলব করেছে নবান্ন।

বিদ্যুৎমন্ত্রীর দাবি গ্রামবাসীদের বাধায় তিনটি টাওয়ার বসাতে না পারার জন্য ওই এলাকায় উন্নতমানের পরিষেবা দেওয়া যাচ্ছে না।

২) একাধিক দলীয় ও সরকারী কর্মসূচী নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী সপ্তাহে দিল্লি যাচ্ছেন।

৩) বানতলা লেদার কমপ্লেক্সে আরও ১০ হাজার কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে। এতে আড়াই লক্ষ কর্মসংস্থান তৈরি হবে বলে জানিয়েছে রাজ্য সরকার ।

৪) বৃষ্টির ঘাটতিতে দক্ষিণবঙ্গে ধান উৎপাদনে প্রভাব পড়তে পারে বলে কৃষি দফতরের আশঙ্কা।

এদিকে, আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর ।

৫) সৌরভ গাঙ্গুলি মোহনবাগান রত্ন এবং ভারত গৌরব সম্মান পাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০

বেহাল বিদ্যুত পরিষেবার বিরুদ্ধে গ্রামবাসীদের বিক্ষোভ অবরোধকে কেন্দ্র করে মালদার মানিকচকের এনায়েতপুর এলাকায় গতকাল ধুন্ধুমার কান্ড বাধে। মারমুখী জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশ গুলি চালালে আহত হন তিন বিক্ষোভকারী। জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদবের দাবি, আত্মরক্ষায় গুলি চালাতে বাধ্য হয়েছে পুলিশ। সন্ধ্যায় সাংবাদিক বৈঠকে ঘটনার বিবরণ দিয়ে তিনি জানান, জনতা পুলিশ খন্ডযুদ্ধে মানিকচক থানার আইসি এবং এএসআই সহ পুলিশের তিন অফিসার এবং তিনজন সাধারণ ব্যক্তি গুরুতর আহত হন। তবে তাদের অবস্থা স্থিতিশীল। ঘটনায় জড়িত থাকার অভিযোগে এ পর্যন্ত ২৬ জনকে আটক করা হয়েছে। এলাকায় বসেছে পুলিশ পিকেট। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে। গুলি চালনার রিপোর্ট তলব করেছে নবান্ন।

তবে, এনায়েতপুরের সমস্যা লোডশেডিংজনিত নয় বলে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী অরুপ বিশ্বাস দাবি করেছেন। এক প্রেস বিবৃতিতে তিনি বলেছেন, স্থানীয় মানুষের সহযোগিতায় এনায়েতপুরে তিনটি টাওয়ার বসানোর কাজ সম্পন্ন করতে পারলে, আগামী ১৫ দিনের মধ্যে অন্যান্য জায়গার মতো ওই অঞ্চলেও উন্নত মানের বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়া সম্ভব হবে। এনায়েতপুরের অশান্তিকে অত্যন্ত দুঃখজনক বলে উল্লেখ করে তিনি জানিয়েছেন, মালদা পাওয়ার গ্রিড থেকে মানিকচক পর্যন্ত 132 KV হাইটেনশন লাইন টানার জন্য ৮৯ টি টাওয়ারের মধ্যে ৮৬ টি টাওয়ার বসানোর কাজ ইতমধ্যেই শেষ হয়েছে। তিনটি টাওয়ার বসানোর কাজ বাকি রয়েছে ইংলিশ বাজারে। স্থানীয় মানুষের অসহযোগিতার জন্য তা করা যাচ্ছে না এবং ১০ মাস বিদ্যুৎ দপ্তর ও পুলিশ প্রশাসন এ ব্যাপারে চেষ্টা চালিয়ে যাচ্ছে বলেও বিদ্যুৎ মন্ত্রী দাবি করেন।

আগেই জানানো হয়েছে, বেহাল বিদ্যুৎ পরিষেবার প্রতিবাদে পথ অবরোধ করে বিক্ষোভের খবর পেয়ে মানিকচক থানার পুলিশ অবরোধ তুলতে গেলে পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে।

নবান্ন থেকে মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা জেলাশাসককে ফোন করে পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপের নির্দেশ দেন।

সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী, এনায়েতপুরের ঘটনায় বিদ্যুত মন্ত্রীর বক্তব্যের সমালোচনা করেছেন।

বাইট

পুলিশের গুলি চালনার তীব্র নিন্দা করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

বাইট

মন্ত্রী সাবিনা ইয়াসমিন বলেছেন, পুলিশের গুলি চালানোকে তিনি সমর্থন করেন না। এনায়েতপুরের বিক্ষোভের পেছনে বাম কংগ্রেসের মদত রয়েছে বলে অভিযোগ করেছেন তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ।

বাইট

SUCI ( কমিউনিস্ট) এর রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য বলেছেন, মানিকচকে পুলিশের গুলি চালনা রাজ্য সরকারের চূড়ান্ত জনবিরোধী চরিত্রকেই প্রকাশ করেছে। অবিলম্বে বিচার বিভাগীয় তদন্ত করে দোষী পুলিশকর্মীদের শাস্তি, আহতদের পর্যাপ্ত ক্ষতিপূরণ এবং যুদ্ধকালীন তৎপরতায় এলাকায় বিদ্যুৎ সমস্যার সমাধানের দাবি জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, ডাম্পার-লরির সংঘর্ষে লরি চালকের মৃত্যু এবং লরির খালাসী দীর্ঘক্ষণ গুরুতর আহত অবস্থায় লরিতেই আটকে থাকার ঘটনায় গতকাল উত্তাল হয়ে ওঠে মালদারই চাঁচোল থানার সামসীর জিয়াগাছি এলাকা। উত্তেজিত জনতার ক্ষোভের মুখে পড়েন পুলিশ কর্মীরা। পরে বিশাল পুলিশ বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

০০০০০০০০০০০০০০০০০

বিডিও অফিসের মধ্যে তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি তথা শিক্ষা কর্মাধ্যক্ষকে দলেরই নেতা-কর্মীদের একাংশের খুনের চেষ্টার অভিযোগে দক্ষিণ ২৪ পরগনার কুলপিতে ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। গতকাল সন্ধ্যে সাতটা নাগাদ বিডিও অফিসের মধ্যে এই চেষ্টা হয়, নিরাপত্তা কর্মীর চেষ্টায় কোনরকমে তিনি প্রাণে বাঁচেন বলে অভিযোগ কুলপির তৃণমূল ব্লক সভাপতি সুপ্রিয় হালদারের। কুলপি থানার পুলিশ গিয়ে দুই অভিযুক্তকে আটক করে। সুপ্রিয়র দাবি, হামলাকারীরা জেলা পরিষদ সদস্য জামাল আহমেদ খানের ঘনিষ্ঠ। ঘটনার সময় স্থানীয় বিধায়ক যোগরঞ্জন হালদার বিডিও অফিসে উপস্থিত থাকলেও বিষয়টিকে তিনি গুরুত্ব দেননি বলেও অভিযোগ শিক্ষা কর্মাধ্যক্ষের। প্রতিবাদে তাঁর অনুগামীরা দীর্ঘক্ষণ বিডিও অফিস ও থানা চত্বরে বিক্ষোভ দেখান। গভীর রাত পর্যন্ত তীব্র উত্তেজনা ছিল। যদিও ব্লক সভাপতির অভিযোগ উড়িয়ে দিয়েছেন জেলা পরিষদ সদস্য জামাল আহমেদ খান ও বিধায়ক যোগরঞ্জন হালদার। জামাল আহমেদ খান জানিয়েছেন, রামনগর-গাজিপুর পঞ্চায়েতের তৃণমূলের কয়েকজন সদস্য ও কর্মী সুপ্রিয়র কাছে এলাকার উন্নয়ন খাতের বরাদ্দ নিয়ে কথা বলতে এসেছিলেন। বিধায়ক বলেন, বিডিও অফিসে সিসি ক্যামেরা আছে। পুলিশকে তিনি বলেছেন, ফুটেজ দেখে ব্যবস্থা নিতে।

ooooooooooooooooo

পূর্ব বর্ধমানে ভারতীয় পুরাতত্ত্ব সর্বেক্ষণের তত্ত্বাবধানে থাকা কালনা রাজবাড়ির নিরাপত্তারক্ষীকে ধাক্কা ও গালিগালাজের অভিযোগে পুরপ্রধান আনন্দ দত্তকে শোকজ় করল তৃণমূল কংগ্রেস। কালনা পুরসভার প্রধানের বিরুদ্ধে অভিযোগ দায়ের করার সিদ্ধান্ত নিয়েছে পুরাতত্ত্ব বিভাগও। বিরোধীদের পাশাপাশি দলীয় নেতারাও আনন্দ দত্তের আচরণের সমালোচনা করেছেন। কালনার তৃণমূল কংগ্রেস বিধায়ক দেবপ্রসাদ বাগ বলেছিলেন,

জনপ্রতিনিধিদের আচরণ ঠিক না হলে সাধারণ মানুষ তা ভাল চোখে দেখেন না।

০০০০০০০০০০০০০০০০

একাধিক দলীয় ও সরকারি কর্মসূচি নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী সপ্তাহে চার দিনের সফরে দিল্লি যাচ্ছেন। বৃহস্পতিবার ২৫ শে জুলাই বিকেলে তিনি কলকাতা থেকে রওনা হবেন। শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পৌরহিত্যে নীতি আয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠকে তাঁর যোগ দেওয়ার কথা।

সংসদের বাজেট অধিবেশনে দলের রণকৌশল নিয়ে সাংসদদের সঙ্গেও বৈঠক করতে পারেন। তৃণমূল নেত্রী রবিবার তাঁর কলকাতায় ফেরার কথা।

০০০০০০০০০০০০০০০০০

বানতলায় কলকাতা লেদার কমপ্লেক্সে আরও দশ হাজার কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে বলে রাজ্য সরকার জানিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে চর্মনগরীর বর্তমান অবস্থা ও পরিকাঠামো নিয়ে মুখ্যসচিব, সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের মন্ত্রী, সচিব ও শিল্পপতিদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। পরে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় সাংবাদিকদের বলেন,

(বাইট – আলাপন)

এক হাজার ১৫০ একর জমির ওপর তৈরি বানতলা চর্মনগরীতে আরও ১৮৭ টি ট্যানারি ও চটি জুতোর ১৩৯ টি ইউনিট চালু হতে চলেছে।

এজন্য দশ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হবে। কর্মসংস্থান তৈরি হবে আরও আড়াই লক্ষ। এরফলে সেখানে মোট সাড়ে সাত লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। রপ্তানিও বৃদ্ধি পাবে বলে তাঁর দাবি। এখানে উৎপাদিত পণ্যের বিপননের আলিপুর জেল মিউজিয়াম সংলগ্ন এলাকায় হিডকোর উদ্যোগে একটি লেদার মল তৈরি করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ooooooooooooooooo

চলতি মরশুমে দক্ষিণবঙ্গে লাগাতার বৃষ্টির ঘাটতির জেরে ধানের চারা রোপণ ব্যাপকভাবে বিঘ্নিত হচ্ছে। আগামীদিনে পরিস্থিতির উন্নতি না হলে বাজারে চালের যোগানেও এর প্রভাব পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। কৃষি দফতরে থেকে এবার খরিফ মরশুমে ৪১ লক্ষ ৮৭ হাজার হেক্টর জমিতে ধানচাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। কিন্তু জুলাইয়ের মাঝামাঝি পর্যন্ত মাত্র ৫ লক্ষ ৪৪ হাজার হেক্টরে ধান রোপন করা সম্ভব হয়েছে। আগামী এক মাসের মধ্যে পর্যাপ্ত বৃষ্টি না হলে খরিফ মরশুমে দক্ষিণবঙ্গে ধান চাষের লক্ষ্যমাত্রায় পৌঁছানো কঠিন হবে বলে কৃষি কর্তারা মনে করছেন। কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন, পরিস্থিতি এখনো আতঙ্কিত হওয়ার মতো নয়। আগামী দিনগুলিতে ভালো বৃষ্টিপাত হলে ধান রোপনের লক্ষ্যমাত্রায় সহজে পৌঁছনো যাবে। তবে পরিস্থিতির ওপর নজর রাখা হচ্ছে। বিকল্প সেচের সমস্ত পরিকাঠামো তৈরি রাখতে আগামী সপ্তাহে কৃষি দপ্তরের আধিকারিকরা সেচ দপ্তরের সঙ্গে বৈঠক করবেন।

ooooooooooooooooo

এদিকে দক্ষিণবঙ্গে বৃষ্টির ঘাটতি নিয়ে উদ্বেগের মধ্যেই ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। বলা হয়েছে, পশ্চিম মধ্য ও সংলগ্ন

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের ওপর একটি নিম্নচাপ তৈরি হয়েছে। আগামী দু-তিন দিনের মধ্যে এই নিম্নচাপ আরো সুস্পষ্ট হয়ে ওড়িশা উপকূলের দিকে এগোবে। পাশাপাশি, জয়শলমির থেকে নিম্নচাপের কেন্দ্রস্থল পর্যন্ত বিস্তৃত রয়েছে মৌসুমী অক্ষরেখা।

দুইয়ের প্রভাবে আজ দুই চব্বিশ পরগনা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া, হুগলি, কলকাতা ও বাঁকুড়ার দু একটি জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা। ২২ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টি হতে পারে।

মৎস্যজীবীদের সোমবার পর্যন্ত গভীর সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

উত্তরবঙ্গেও আগামী রবিবার পর্যন্ত থাকছে ভারী বৃষ্টির সতর্কতা।

ooooooooooooooooo

রাতের কলকাতায় পথ দুর্ঘটনায় মৃত্যু হলো এক যুবকের। পুলিশ সূত্রে খবর, দক্ষিন বন্দর থানা এলাকায় রাত সাড়ে দশটা নাগাদ গাড়ীর ধাক্কায় ঐ পথচারী গুরুতর জখম হন। রক্তাক্ত অবস্থায় তাঁকে এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষনা করেন। প্রমথ রায় নামে বছর ২৮ এর যুবকটির বাড়ি হাইড রোডে। পুলিশ সিসিটিভির ফুটেজ দেখে গাড়িটির খোঁজে তল্লাশী চালাচ্ছে।

oooooooooooooooooo

ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলী এবার 'মোহনবাগান রত্ন ' পুরস্কার পাচ্ছেন। আগামী ২৯ শে জুলাই মোহনবাগান দিবসের

অনুষ্ঠানে সৌরভের হাতে এই সম্মান তুলে দেওয়া হবে। গতকাল ক্লাবের কার্যকরী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০

সৌরভকে ইস্টবেঙ্গল ক্লাব 'ভারত গৌরব ' সম্মান প্রদান করবে। পয়লা অগাষ্ট ক্লাবের ১০৫ তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে প্রাক্তন ভারত অধিনায়ককে এই সম্মান দেওয়া হবে বলে ইস্টবেঙ্গল ক্লাবের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নৈহাটি স্টেডিয়ামে গতকাল কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্চ ১-০ গোলে পিয়ারলেস স্পোর্টস ক্লাবকে হারিয়ে দিয়েছে। খেলার ২২ মিনিটে থুমসোল টংসিন গোল করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০